## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত কর্মশালার প্রতিবেদন

| | |
|---|---|
| মূখ্য আলোচক | : জনাব সোলেমান খান, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ |
| কর্মশালার তারিখ | : ১০ সেপ্টেম্বর ২০২৩ |
| ভেন্যু | : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এর সম্মেলন কক্ষ, ঢাকা |
| সময় | : সকাল ১০.৩০ টা হতে দিনব্যাপি |

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে একটি কর্মশালা গত ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব সোলেমান খান, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার, অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, জনাব একেএম আফতাব হোসেন প্রামানিক, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং জনাব মোঃ নজরুল ইসলাম, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। কর্মশালায় আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবন কাজে নিয়োজিত চিফ ইনোভেশন অফিসার/ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও ০১ জন টেকনিক্যাল কর্মকর্তা অংশগ্রহণ করেন। কর্মশালায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন জনাব মোঃ নূর-ই-আলম, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

২। জনাব সোলেমান খান, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মূখ্য আলোচক হিসেবে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যে তিনি শিক্ষা সেক্টরে সুশাসন প্রতিষ্ঠান বাংলাদেশ সরকারের তথ্য বাতায়নের গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন যে, স্মার্ট বাংলাদেশ বিনির্মানে তথ্য বাতায়নে সকল তথ্য হালনাগাদ রাখা একান্ত প্রয়োজন। সরকারি অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদ নিশ্চিত করার বিষয়ে সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানান।

৩। জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার, অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় এ কার্যক্রমটি নতুন অন্তর্ভূক্ত করা হয়েছে। ইতোপূর্বে কর্মপরিকল্পনায় শুধুমাত্র নিজ দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদের বিষয়টি নিশ্চিত করার কার্যক্রম ছিল। এ বছর নিজ বিভাগের পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদের বিষয়টি নিশ্চিত করার কার্যক্রম অন্তর্ভূক্ত করায় তিনি মন্ত্রিপরিষদ বিভাগকে ধন্যবাদ জানান। তিনি সকল দপ্তর/সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিয়োজিত কর্মকর্তাকে নিজ নিজ দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ রাখা এবং এ বিষয়ে কোন সহায়তার প্রয়োজন হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সর্বদা প্রস্তুত মর্মে মতামত ব্যক্ত করেন।

৩। পরবর্তীতে অংশগ্রহণকারীদের নিয়ে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে প্রাপ্ত সুপারিশ/সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

- দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত কর্মশালাটি অধিকতর ফলপ্রসু করার লক্ষ্যে পরবর্তীতে কর্মশালাটি কোন কম্পিউটার ল্যাবে আয়োজন করতে হবে;
- যে সকল দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় ন্যাশনাল পোর্টালের সাথে যুক্ত হননি তাদের অবশ্যই ন্যাশনাল পোর্টালের অন্তর্ভূক্ত হতে হবে;
- তথ্য বাতায়ন হালনাগাদ করার ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখিন হলে এ বিভাগের সিস্টেম এনালিস্ট এর সাথে যোগাযোগকরতঃ সমস্যা সমাধান করতে হবে;
- তথ্য বাতায়নে কর্মকর্তাদের তালিকায় অবশ্যই কর্মকর্তাদের নাম, পদবি, টেলিফোন, ই-মেইল এবং মোবাইল নম্বর অবশ্যই সংযুক্ত করতে হবে।

স্বাক্ষরিত/- ২১/০৯/২০২৩
(মোঃ বেলায়েত হোসেন তালুকদার)
অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও
চিফ ইনোভেশন অফিসার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বিতরণ (সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ):

১। অতিরিক্ত সচিব ( সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)।
৩। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৫.০৫.০০৩.২৩-১৫৯

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩০ / ২১ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। যুগ্মসচিব (ই-গভর্নেন্স অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৪। আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবন কাজে নিয়োজিত ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল)।
৫। অফিস নথি।

২১/০৯/২০২৩

(মোঃ নূর-ই-আলম)
যুগ্মসচিব (অ.দ.)